

Times Today BD

জিএম সিরাজ | দেশজুড়ে | 13 April, 2025

কুড়িগ্রামের ফুলবাড়ীতে কালবৈশাখী ঝড়ে ঘরের উপর পড়া গাছের নিচে চাপা পড়ে এক নারীর মৃত্যু হয়েছে। রোববার রাত তিনটার দিকে উপজেলার শিমুলবাড়ী ইউনিয়নের ফকিরপাড়া জকুরটল এলাকায় এ ঘটনা ঘটে। নিহত নারীর নাম ছকিলা বেগম (৫২)। তিনি ওই গ্রামের গোলাম হোসেনের স্ত্রী।

নিহতের বোন ছবিয়া বেগম জানান, ছকিনার স্বামী বাড়ীতে না থাকায় আমরা দুই বোন এক ঘরে ঘুমিয়ে পড়েছি। রাত তিনটার দিকে প্রচণ্ড বেগে কালবৈশাখী ঝড় উঠলে আমি নিরাপদে যাওয়ার জন্য বোনকে বলেছি।

তরিঘরি করে আমি ঘর থেকে বের হলেও সে বের হতে পারিনি। এমন অবস্থায় ঘরের পাশে থাকা বিশাল আকৃতির একটি ভেল্লিগাছ উপরে পড়ে ছকিলা বেগমের ঘরের উপর। এতে বিছানায় শুয়ে থাকা অবস্থায় তিনি গাছের নিচে চাপা পড়ে মৃত্যুবরণ করেন।

ঝড় থেমে যাওয়ার পরে পরিবারের লোকজন উঠে ঘরের উপর গাছ পড়ে থাকা দেখে চিৎকার করেছি। আশপাশের লোকজন এগিয়ে এসে গাছ সরিয়ে তার মৃতদেহ উদ্ধার করে। ফুলবাড়ী থানার অফিসার ইনচার্জ ওসি শরিফুল ইসলাম জানান, খবর পেয়ে ঘটনাস্থল পরিদর্শন করা হয়েছে। নিহতের মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে।

কুড়িগ্রাম কালবৈশাখী নিহত

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 June, 2025 00:46

URL: <https://timestodaybd.com/across-the-country/715642199>